একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া
www.kushtiagovcollege.edu.bd

**একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ : ২০২৩-২০২৪)**

স্মারক নং: কুসক-২০২৩/২৪১ তারিখ: ১৮/০৯/২০২৩ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর কর্তৃক কুষ্টিয়া সরকারি কলেজে একাদশ শ্রেণিতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

১। কুষ্টিয়া সরকারি কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ২৬/০৯/২০২৩ (মঙ্গলবার) তারিখ হতে ০৫/১০/২০২৩ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সম্পূর্ণ অনলাইনে চলবে।

২। **ভর্তি ফি এর বিবরন:**

| ক্র.নং | বিভাগ | টাকা |
|---|---|---|
| ০১ | বিজ্ঞান | ১৯৫৭/- |
| ০২ | মানবিক | ১৯৫৭/- |
| ০৩ | ব্যবসায় শিক্ষা | ১৯৫৭/- |

৩। **শিক্ষা কোটা (EQ) :** শুধুমাত্র শিক্ষা কোটায় (**EQ**) ভর্তির ক্ষেত্রে আগামী ২৭/০৯/২০২৩ তারিখ (সকাল ১০.০০ ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে (ড.এম.এ ওয়াজেদ মিয়া বিজ্ঞান ভবন এর নীচ তলার ভর্তি সংশ্লিষ্ট কক্ষে) উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারী যে মহানগর / বিভাগ / জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সে মহানগর / বিভাগ / জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। সন্তান ভর্তির সময় সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারী-কে তার দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। তবে কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৪। **মুক্তিযোদ্ধা কোটা (FQ) :** শুধুমাত্র মুক্তিযোদ্ধা (**FQ**) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ২৭/০৯/২০২৩ তারিখ (সকাল ১১.০০ ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে (ড.এম.এ ওয়াজেদ মিয়া বিজ্ঞান ভবন এর নীচ তলার ভর্তি সংশ্লিষ্ট কক্ষে) উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। মুক্তিযোদ্ধা (**FQ**) কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) মুক্তিযোদ্ধা না হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভূক্ত রয়েছে তার কপি। (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি। (জ) মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রত্যয়ন পত্র।

৫। কুষ্টিয়া সরকারি কলেজের ভর্তির ওয়েবসাইট **(https://kushtiagovcollege.eshiksabd.com)** এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি ফরম কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি বিকাশ/সোনালী ইসেবা/নগদ/রকেট এ প্রদান করলে শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে। **ভর্তি ফি প্রদানের সময় রেফারেন্স/ আইডি প্রদানের ক্ষেত্রে এসএসসি এর রোল ব্যবহার করতে হবে।**

**অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-**

- কুষ্টিয়া সরকারি কলেজের ভর্তির ওয়েবসাইট **https://kushtiagovcollege.eshiksabd.com** এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- **User Name: kgcstudent, Password: kgcstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।
- **Select Department** এবং **Enter SSC Roll (6 Digit)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।

- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করতে হবে।
  ভর্তি ফরমে অবশ্যই (কলেজ ড্রেস পরিহিত অবস্থায়) সদ্যতোলা ছবি ব্যবহার করতে হবে। **এই ছবি বায়োমেট্রিক আইডি কার্ড ও রেজিঃ এ ব্যবহার** করা হবে। ভর্তি ফি প্রদান করে **Application Form Reprint** থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে নিজের সংগ্রহে রাখতে হবে। **এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ।**

৬। নিম্নোক্ত শ্রেণি রোল অনুসারে কলেজের ড.এম এ ওয়াজেদ মিয়া বিজ্ঞান ভবন এর নীচ তলায় ভর্তি সংশ্লিষ্ট কক্ষে উপস্থিত হয়ে Finger Print ও Face এর মাধ্যমে বায়োমেট্রিক রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, পরবর্তীতে এই Finger Print ও Face এর মাধ্যমে শিক্ষার্থীদের হাজিরা গ্রহণ করা হবে।

| শাখা | রোল নম্বর | তারিখ | সময় |
|---|---|---|---|
| বিজ্ঞান | ১২০২৩২৪০১০০০১ - ১২০২৩২৪০১০২০০ | ০১/১০/২০২৩ | সকাল ১০.০০ টায় শুরু |
| | ১২০২৩২৪০১০২০১ - ১২০২৩২৪০১০৪৫০ | ০২/১০/২০২৩ | |
| ব্যবসায় শিক্ষা | ১২০২৩২৪০৩০০০১ - ১২০২৩২৪০৩০২০০ | ০৩/১০/২০২৩ | |
| | ১২০২৩২৪০৩০২০১ - ১২০২৩২৪০৩০৪৫০ | ০৪/১০/২০২৩ | |
| মানবিক | ১২০২৩২৪০২০০০১ - ১২০২৩২৪০২০৩০০ | ০৫/১০/২০২৩ | |

৭। একাদশ শ্রেণির ক্লাস রুটিন কুষ্টিয়া সরকারি কলেজ ওয়েবসাইটে ও ফেসবুক পেইজে যথাসময়ে পাওয়া যাবে।

৮। বায়োমেট্রিক রেজিষ্ট্রেশন এর সময় এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও ভর্তির অনলাইন কপি A4 সাইজের খামে ভরে খামের উপর শীক্ষার্থীর তথ্যসমূহ লিখে বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

৯। কুষ্টিয়া সরকারি কলেজে ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যর জন্য যোগাযোগ: উচ্চ মাধ্যমিক শাখা সহকারিঃ মো: তৌহিদুল ইসলাম - ০১৯১৩-২৪৭১৮৪, মো: তারিকুল ইসলাম- ০১৭৬৬৮৩৬৫৭০

**"বিষয় গুচ্ছ"**

**নিম্নলিখিত ছক অনুসারে বিষয় নির্বাচন করতে হবে।**

| শাখা | আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক) | বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষায় যে কোন ১টি বিষয় এবং মানবিকে যে কোন ৩টি বিষয় নির্বাচন করতে হবে। | চতুর্থ বিষয় যে কোন ১টি বিষয় নির্বাচন করতে হবে। |
|---|---|---|---|
| বিজ্ঞান | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), পদার্থ (১৭৪, ১৭৫), রসায়ন (১৭৬, ১৭৭), আইসিটি (২৭৫) | উচ্চতর গণিত (২৬৫, ২৬৬)<br>জীববিদ্যা (১৭৮, ১৭৯) | উচ্চতর গণিত, জীববিজ্ঞান<br>ভূগোল, পরিসংখ্যান,<br>মনোবিজ্ঞান |
| ব্যবসায় শিক্ষা | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪), ব্যবসায় সংগঠন (২৭৭, ২৭৮), আইসিটি (২৭৫), | ফিন্যান্স ও ব্যাংকিং (২৯২, ২৯৩), উৎপাদন ব্যবস্থাপনা (২৮৬, ২৮৭) | ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা, উৎপাদন ব্যবস্থা ও বিপনন, পরিসংখ্যান,<br>ভূগোল, অর্থনীতি |
| মানবিক | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), আইসিটি (২৭৫) | অর্থনীতি, সমাজবিজ্ঞান, ভূগোল, যুক্তিবিদ্যা, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br><br>*** ইতিহাস ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি একত্রে নেওয়া যাবে না | অর্থনীতি, সমাজবিজ্ঞান, ভূগোল, যুক্তিবিদ্যা, পৌরনীতি ও সুশাসন,<br>ইতিহাস,<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি,<br>ইসলাম শিক্ষা<br>পরিসংখ্যান, মনোবিজ্ঞান |

## কুষ্টিয়া সরকারি কলেজ ড্রেস কোড

- ছাত্র : সাদার উপর নেভি ব্লু চেক শার্ট, ডিপ নেভি ব্লু প্যান্ট, কালো জুতা, সাদা মোজা ও কালো বেল্ট।
- ছাত্রী : সাদার উপর নেভি ব্লু চেক কামিজ, সাদা পাজামা, সাদা ওড়না এবং সাদা জুতা ও সাদা মোজা।
- কলেজের মনোগ্রাম সম্বলিত ব্যাচ ব্যবহার করতে হবে। ছাত্রীদের ক্ষেত্রে কেউ বোরখা ব্যবহার করতে চাইলে বোরখা অবশ্যই জামার অনুরূপ হতে হবে।

অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

আহবায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি
শিক্ষা বর্ষ: ২০২৩-২০২৪
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।